

রিলেশনশিপ অ্যান্ড সেক্সুয়ালিটি এডুকেশন (RSE)

স্কুল, সেটিংস, বাবামা এবং পরিচর্যাকারীদের জন্য তথ্য

ওয়েলস্-এ শিক্ষা পরিবর্তন হচ্ছে। ওয়েলস্ জুড়ে শিক্ষক এবং শিক্ষা বিশেষজ্ঞরা ওয়েলসের কারিকুলাম তৈরি করতে একসঙ্গে কাজ করছেন

আমাদের ছোট ছোট সব ছেলেমেয়েদেরকে জীবনের সব ক্ষেত্রে পারদর্শী হতে সাহায্য করতে হবে, যাতে তারা সুস্থ, আত্মবিশ্বাসী ব্যক্তি হিসাবে বড় হয়ে ওঠে। শিক্ষার উচিত ছোট ছোট ছেলেমেয়েদেরকে নিজেদের এবং অন্যদের সম্মান করতে, বৈচিত্র্যের মূল্য দিতে এবং তাদের সুস্থ, সম্মানজনক সম্পর্ক গড়ে তোলার ক্ষমতা প্রদানে উৎসাহিত করা এবং সমর্থন করা।

2022 সালের সেপ্টেম্বরে শুরু হওয়া নতুন পাঠ্যক্রমে উন্নয়নমূলকভাবে উপযুক্ত রিলেশনশিপ অ্যান্ড সেক্সুয়ালিটি এডুকেশন (RSE) অন্তর্ভুক্ত করা হবে।

RSE কি?

ছোট ছোট ছেলেমেয়েদের সেই সব তথ্যগুলি জানবার অধিকার থাকা উচিত যা তাদের ক্ষতি হওয়া থেকে নিরাপদ রাখে। এর মধ্যে রয়েছে সুস্থ সম্পর্কের বিষয়ে শেখা, নিরাপদ থাকা, অনলাইন এবং অফলাইন এবং দায়িত্বশীল প্রাপ্তবয়স্কদের সামনে সমস্যাগুলিকে আত্মবিশ্বাসের সাথে তুলে ধরতে সক্ষম হওয়া।

RSE আমাদের সমস্ত শিশু এবং ছোট ছোট ছেলেমেয়েদের সুরক্ষার জন্য ডিজাইন করা হয়েছে, যা তাদের জ্ঞান, দক্ষতা এবং আচরণ বিকাশে সহায়তা করে তাদের সারা জীবন রক্ষা করতে সহায়তা করবে।

এমন একটি সমাজ গঠন করা গুরুত্বপূর্ণ যেখানে অন্যদের জাতীয়তা, আর্থসামাজিক পটভূমি, অক্ষমতা, লিঙ্গ, লিঙ্গত্ব বা যৌনতা নির্বিশেষে, তাদের সাথে বিচারবিবেচনা এবং সহানুভূতির সাথে আচরণ করা হবে।



RSE কোডের মধ্যে কি অন্তর্ভুক্ত রয়েছে?

রিলেশনশিপ অ্যান্ড সেক্সুয়ালিটি এডুকেশন(RSE) কোড কখন কি কি পড়ানো উচিত সেবিষয়ে স্কুল এবং সেটিংসের জন্য বিস্তারিত বিবরণ দেয়। আমরা বাবামায়েদের পাবলিশ হওয়া RSE কোড পড়তে উৎসাহিত করি যেখানে তাদের সন্তানরা কখন কি শিখবে সে সম্পর্কে স্পষ্ট ধারণা দেওয়া আছে। আপনার পাঠ্যক্রম ডিজাইন করার জন্য ক্রস-কাটিং থিম

- Hwb (gov.wales)



RSE -র মধ্যে সমস্ত শিক্ষা যে উন্নয়নমূলকভাবে উপযুক্ত হবে তা নিশ্চিত করার জন্য অত্যন্ত সতর্কতা অবলম্বন করা হয়েছে এবং এর উন্নয়নের সাথে জড়িত শিক্ষক, স্টেকহোল্ডার এবং পেশাদাররা নিশ্চিত করেছেন যে এটি কোডের মধ্যে পরিলক্ষিত হয়।

ওয়েল্স ফ্রেমওয়ার্কের রিলেশনশিপ অ্যান্ড সেক্সুয়ালিটি এডুকেশন বিভাগের কারিকুলামে(RSE) রয়েছে:

- RSE কোড-কোন পর্যায়ে কি পড়ানো হবে;
- সংবিধিবদ্ধ নির্দেশিকা-এটি স্কুলকে RSE কারিকুলাম তৈরিতে সহায়তা করে।

উন্নয়নমূলকভাবে উপযুক্ত রিলেশনশিপ অ্যান্ড সেক্সুয়ালিটি এডুকেশন (RSE)

RSE বাস্তবায়নে স্কুলগুলি যে সংস্থানগুলি ব্যবহার করে সেগুলি সহ RSE-র উন্নয়নমূলকভাবে উপযুক্ত হওয়ার জন্য আইনী প্রয়োজনীয়তা রয়েছে।

অনলাইন নিরাপত্তা, সম্মতি এবং যৌন স্বাস্থ্যের মতো বিষয়গুলি সবই কোডে অন্তর্ভুক্ত করা হয়েছে, তবে সেগুলি উন্নয়নমূলকভাবে উপযুক্ত পর্যায়ে আছে, যাতে শিক্ষার্থীরা সেই সব জিনিসগুলির বিষয়ে জানতে না পারে যা তাদের বয়স এবং বিকাশের জন্য উপযুক্ত নয়। অল্প বয়সেই, উদাহরণস্বরূপ, তাদের একে অপরের

সাথে দয়া এবং সহানুভূতির সাথে আচরণ করার বিষয়ে শেখানো হবে। বাচ্চারা বড় হওয়ার সাথে সাথে, তারা অনলাইন নিরাপত্তা, সম্মতিদান এবং যৌন স্বাস্থ্যের মতো বিষয়গুলি সম্পর্কে একটি বুঝতে এবং জানতে পারবে- যেগুলির সবটাই একটি সংবেদনশীল উপায়ে পরিচালনা করা হবে।

RSE-তে শেখার মধ্যে সব ধরনের বৈষম্য, হিংসা, অবমাননা এবং অবহেলা সম্পর্কে জানা বোঝা এবং কথা বলা এবং বিশ্বস্ত সোর্স থেকে বিভিন্ন বিষয়ে সমর্থন ও পরামর্শ নেওয়া অন্তর্ভুক্ত থাকবে।

RSE-এরও আইনগতভাবে বাস্তব, সমালোচনামূলক এবং বহুত্ববাদী হওয়া প্রয়োজন: মানে স্কুল এবং সেটিংস অবশ্যই বাস্তব তথ্য দেবে এবং মূল্যবোধের প্রশ্নে, সাধারণত সমাজের মধ্যে অনুষ্ঠিত হওয়া, একটি প্রদত্ত বিষয়ের উপর দৃষ্টিভঙ্গির বিস্তৃত পরিসর প্রদান করবে।




বাবামা এবং পরিচর্যাকারীদের যুক্ত করা

সংবিধিবদ্ধ নির্দেশিকা খুবই স্পষ্ট যে আমরা আশা করি যে সন্তানরা কি শিখছে সেবিষয়ে বাবামায়েরা বুঝতে পেরেছে কিনা তা নিশ্চিত করার জন্য, স্কুলগুলি তাদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে।

স্কুল এবং সেটিংসে RSE-সম্পর্কে যোগাযোগের সুস্পষ্ট রেখা থাকা উচিত এবং RSE-তে শেখানো ও পড়ানোর সাথে সাথে শিক্ষার্থী, বাবামা, পরিচর্যাকারী এবং বৃহত্তর সম্প্রদায়ের সাথে জড়িত থাকা উচিত।

স্কুলগুলির উচিত ছাত্রছাত্রীদের কি কি শেখানো হচ্ছে এবং কেন, সে সম্পর্কে বাবামা এবং পরিচর্যাকারীদের সম্পূর্ণ সতর্ক রাখা এবং সে সম্পর্কে তাদের প্রশ্ন করার এবং স্পষ্টীকরণের সুযোগ দেওয়া। সন্তানরা কখন এবং কি শিখবে সে সম্পর্কে বাবামা এবং পরিচর্যাকারীদের স্পষ্টীকরণ করতে এবং স্বচ্ছতা দিতে RSE কোড পাবলিশ করা হয়েছে।




উপযোগী লিঙ্ক:

বাবামা এবং পরিচর্যাকারীর পাঠ্যক্রম নির্দেশিকা

রিলেশনশিপ অ্যান্ড সেক্সুয়ালিটি এডুকেশন
সংবিধিবদ্ধ নির্দেশিকা এবং কোড

RSE প্লেলিস্ট



কেস স্টাডি:

ব্লেনিমেস প্রাইমারি স্কুল, সোয়ানসি

সম্পর্ক এবং যৌনতা শিক্ষার মধ্যে রয়েছে সুস্থ সম্পর্ক, সহানুভূতি, নিরাপদ রাখা এবং দায়িত্বশীল প্রাপ্তবয়স্কদের সামনে সমস্যাগুলি তুলে ধরার জন্য জন্য আত্মবিশ্বাসী হওয়া সম্পর্কে শেখা।

2022 সালে র জুন মাসে স্পেকট্রাম প্রজেক্ট নিয়ে ক্লাসরুম সেশন চলাকালীন সোয়ানসির ব্লেনিমেস প্রাইমারি স্কুলের 1 বছরের শিক্ষার্থীরা সুস্থ সম্পর্ক সম্পর্কে শিখেছে। সেশনে সম্মতিদান, বৈচিত্র্য এবং সম্পর্কের মতো বিষয়গুলির পাশাপাশি উন্নয়নমূলকভাবে উপযুক্ত শিক্ষা অন্তর্ভুক্ত ছিল। শিক্ষার্থীরা একটি "ফ্রেন্ডশিপ স্যুপ" তৈরির মতো অ্যাক্টিভিটিতে অংশ নেয়, উদাহরণস্বরূপ, কোন গুণগুলি একজন ভাল বন্ধু তৈরি করে তা বোঝার জন্য।

সেশন চলাকালীন, ডেপুটি হেড টিচার মিসেস আমিরাত বলেন: "এটা সত্যিই খুব গুরুত্বপূর্ণ যে আমরা ছাত্রছাত্রীদের মঙ্গলের দিকে নজর রাখছি এবং তাদের সুস্থ ও আত্মবিশ্বাসী ব্যক্তি হয়ে উঠতে লালনপালন করছি, এবং আমি মনে করি RSE পাঠ্যক্রম নিজেই সেই কাজ করে। তারা বন্ধুত্ব গড়ে তুলছে, তারা শিখছে কীভাবে অন্যদের প্রতি সহানুভূতিশীল হতে হয়, এবং তারা শুধু একটি টিমের অংশ হিসাবে মনে করছে তবে একে অপরের পার্থক্যকে মূল্য দিচ্ছে এবং বুঝতে পারছে যে একটি উপযুক্ত বয়সে এটি ঠিক আছে।"



আপনি এখানে এই কেস স্টাডির একটি ভিডিও দেখতে পারেন:

লিঙ্ক

